দৈনিক
ইত্তেফাক

তারিখ ...... 20 APR 2017
পৃষ্ঠা ১৪ ... কলাম ৭ ......

# ইবতেদায়ি পরীক্ষায় যশপুর মাদ্রাসা জেলায় শ্রেষ্ঠ

■ ছাগলনাইয়া (ফেনী) সংবাদদাতা

ইবতেদায়ি সমাপনী পরীক্ষায় ফেনী জেলায় শীর্ষে রয়েছে উত্তর যশপুর দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা। এই মাদ্রাসা থেকে 'ট্যালেন্টপুলে ১১ জন ও সাধারণ গ্রেডে ৬ জনসহ মোট ১৭ জন শিক্ষার্থী বৃত্তিলাভ করেছে। এবারের পরীক্ষায় মোট ২২ জন শিক্ষার্থী অংশ নিয়ে সকলে পাস করেছে। তন্মধ্যে ৪ জন জিপিএ-৫ পেয়েছে। বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা হচ্ছে— ট্যালেন্টপুলে শাহরিয়ার হোসেন, সাদ্দাম হোসেন, মেহেদি হাসান, হযরত আলী, আছমা আক্তার, ফারিয়া ইসলাম, সাদিয়া জান্নাত, নাছরিন জান্নাত, আবদুল আলিম, মোবারক হোসেন ও সানজিদা আক্তার, সাধারণ গ্রেডে তৌহিদুল ইসলাম, রমজান আলী, উম্মে সালমা, দিলরুবা আক্তার, আয়শা আক্তার ও খাদিজা আক্তার।

মাদ্রাসা সুপার মাওলানা মির্জা আবদুল হান্নান বলেন, সকল শিক্ষক, 'ছাত্র-ছাত্রী, অভিভাবক ও পরিচালনা কমিটির সমন্বিত প্রচেষ্টার ফলে আমরা ধারাবাহিকভাবে ভালো ফলাফল অর্জন করছি।'

উত্তর যশপুর গ্রামের হাজী আবদুস সালামের পুত্র ঢাকার বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ বেলায়েত হোসেন বেলাল তার ব্যক্তিগত উদ্যোগে ২০১৪ সালে উত্তর যশপুর দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর